# উপজেলা পরিষদ

কাহারোল, দিনাজপুর।

www.kaharol.dinajpur.gov.bd

## জানুয়ারি, ২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি: মোছাঃ মৌসুমী আক্তার
প্যানেল চেয়ারম্যান-১,
উপজেলা পরিষদ,
কাহারোল, দিনাজপুর।

তারিখ- ১১/০১/২০২৪
সময়: সকাল ১১:০০ ঘটিকা
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার আলোচ্যসূচি:

১। পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
২। স্থায়ী কমিটির সভার বিষয়ে আলোচনা।
৩। বিভিন্ন বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা।
৪। ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির বিষয়ে আলোচনা।
৫। জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে আলোচনা।
৬। নিরাপদ খাদ্য আইন বিষয়ে আলোচনা।

সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে গত ২৬/১২/২০২৩ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং বিস্তারিত আলোচনান্তে কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

২-৪ নং আলোচ্য বিষয়ের উপরে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, নিপাহ ভাইরাস প্রতিরোধকল্পে সকলকে কাঁচা খেজুর রস, বাদুর বা অন্য কোন প্রাণির খাওয়া কাঁচা ফল/ সবজি না খাওয়ার জন্য অনুরোধ জানান।<br>এছাড়া স্বাভাবিক প্রসব বৃদ্ধিতে সকলকে হাসপাতালে এসে নরমাল ডেলিভারীতে উদ্বুদ্ধ করতে আহবান জানান।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | নিপা ভাইরাস বিষয়ে সকলকে সচেতন হওয়ার অনুরোধ করা হয়। এছাড়া বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান, রবি/২০২৩-২৪ মৌসুমে বোরো ফসলের আবাদের লক্ষ্যমাত্রা হাইব্রিড-৬৬০ হেক্টর ও উফসী-৪৮৯১ হেক্টর মোট ৫৫৫১ হেক্টর। ইতোমধ্যে বোরো আবাদের জন্য বীজতলায় হাইব্রিড- ১৭ হেক্টর ও উফশী ২৪৮ হেক্টর মোট ২৬৫ হেক্টর বীজ বপন করা হয়েছে।<br>অতিরিক্ত ঠান্ডার কারনে যাতে ধানের চারা নষ্ট না হয়, সে জন্য বোরো ধান চাষীদের বীজতলা পলিথিন দ্বারা আবৃত করার জন্য মাঠ পর্যায়ে উপ সহকারী কৃষি কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>রবি/২০২৩-২৪ মৌসুমে আবাদকৃত গম, সরিষা, ভুট্টা, আলু, সরিষাসহ অন্যান্য ফসলের বর্তমান অবস্থা ভাল। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, কাহারোল, দিনাজপুর। |

| | | | |
|---|---|---|---|
| | এছাড়া বিভিন্ন প্রকল্পের আওতায় বিভিন্ন ফসলের বাস্তবায়িত প্রদর্শনীর অবস্থা ভাল।<br>আগাম আলু কর্তন শুরু হয়েছে। এ পর্যন্ত আলু উফশী কর্তন হয়েছে ২১৫ হেক্টর। হেক্টর প্রতি উৎপাদন ১৭ মেঃটন আলু ফলন পাওয়া যাচ্ছে। স্থানীয় জাতের আলু কর্তন হয়েছে ১৫ হেক্টর। হেক্টর প্রতি ফলন পাওয়া যাচ্ছে ১০ মেঃটন।<br>এছাড়া বর্তমানে মাঠের ফসলের অবস্থা ভাল মর্মে তিনি সভায় অবহিত করেন। | | |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান, প্রকল্পের সকল কার্যক্রম স্বচ্ছতার সাথে সম্পাদিত হচ্ছে। PPR ও FMD রোগের টিকা প্রয়োগের কারনে রোগ দুটি নিয়ন্ত্রণে রয়েছে।<br>APA অর্জনে ২টি মোবাইল কোর্ট পরিচালনার কথা উল্লেখ থাকায় মোবাইল কোর্ট পরিচালনায় সহায়তা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসারকে অনুরোধ করা হয়।<br>এছাড়া APA অর্জনে সার্বিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রমের পর্যালোচনা করা সম্ভব হয়নি। | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ৫। প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এডিপি'র টেন্ডার কার্যক্রম শুরু ও শেষ করার জন্য প্রকল্প দাখিল করা প্রয়োজন।<br>বিস্তারিত আলোচনায় তিনি সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ করেন। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কর্তৃক দ্রুত এডিপি'র প্রকল্প দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এছাড়া বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রকৌশলী<br>২। সকল ইউ,পি চেয়ারম্যান |
| ৬। বাংলাদেশ পুলিশ বাহিনী | অফিসার ইন-চার্জ কাহারোল থানা সভায় জানান, অত্র উপজেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য রাত্রিকালীন মোবাইল পুলিশ টিমের তৎপরতা বৃদ্ধি করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য অফিসার ইন-চার্জ কাহারোল থানাকে অনুরোধ করা হয় | অফিসার ইনচার্জ |
| ৭। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০২৩-২৪ অর্থ বছরের ২য় কিস্তিতে বয়স্ক ভাতা- ৭২৪৭ জন, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা- ৪৪৭৯ জন, প্রতিবন্ধি ভাতা- ১৫৯৫ জন, প্রতিবন্ধি শিক্ষা উপবৃত্তি- ৬৬ জন, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা- ৩০ জন। মোট ১৩৪১৭ জনকে ২,৫০,১৫,৩৫০ টাকার পেরোল দেয়া হয়েছে।<br><br>তিনি জানান, প্রতিবন্ধি শিক্ষার্থী অনেকেই প্রতিবন্ধি ভাতা গ্রহণ করেন। প্রতিবন্ধি শিক্ষা উপবৃত্তি শুধুমাত্র প্রতিবন্ধি শিক্ষার্থীদের জন্য এক্ষেত্রে প্রতিবন্ধি শিক্ষার্থীদের ভাতা থেকে প্রতিস্থাপন করে শিক্ষা উপবৃত্তিতে আনা প্রয়োজন।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ৮। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, বই বিতরণ উৎসবের মাধ্যমে প্রাক প্রাথমিক শ্রেণি হতে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের বই প্রদান করা হয়েছে।<br>এছাড়া তিনি জানান বিভাগীয় কাজসমূহ ভালোভাবে চলছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ৯। মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, নতুন কারিকুলামের জন্য অত্র উপজেলায় ৬৮৮ জন সহকারি শিক্ষককে ৭ দিনের ট্রেইনিং কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>২০২৪ সালের নতুন বই প্রতিটি বিদ্যালয়ে দেওয়া হয়েছে এবং ১ জানুয়ারি, ২০২৪ তারিখে বই উৎসবের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের মাঝে বিতরণ করা হয়েছে।<br>৫২ তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা প্রতিটি স্কুল পর্যায়ে সম্পন্ন করে ফাইনাল খেলার মাধ্যমে সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।<br>এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০। উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রমের পর্যালোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টারকে অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার। |
| ১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রমের পর্যালোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |
| ১২। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ কর হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১৩। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাহারোল, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ করা হয়। | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১৪। যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান, ডিসেম্বর/২০২৩ মাসে বায়োগ্যাস প্রকল্পের আওতায় ৪০ জনকে বায়োগ্যাস প্লান্ট স্থাপনের জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অন্যান্য প্রশিক্ষণ ও ঋণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৫। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান, ডিসেম্বর/২০২৩ পর্যন্ত ২৪৮০ জনের মধ্যে ৩০ কেজি করে চাল বিতরণ সম্পন্ন হয়েছে।<br>মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ডিসেম্বর/২০২৩ পর্যন্ত অনলাইন তালিকা সম্পন্ন হয়েছে।<br>কিশোর-কিশোরী ক্লাব প্রকল্পের আওতায় ২০২৪ বছরের তালিকা নির্বাচনের পর ঐ আলোকে ক্লাস কার্যক্রম চলমান থাকবে।<br>আইজিএ প্রকল্প আপাততঃ স্থগিত রয়েছে।<br>বিভিন্ন দিবস উদযাপনসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |



৬

| | | | |
|---|---|---|---|
| | এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | | |
| ১৬। সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান, জানুয়ারি/২০২৪ পর্যন্ত সমবায় সমিতির বার্ষিক আউট ৬৯% সম্পন্ন হয়েছে। এছাড়া অন্যান্য সব কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৭। বিআরডিবি বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৮। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ সভায় জানান, চলতি বোরো মৌসুম শুরুর লক্ষ্যে মটর মেরামত, ট্রান্সফর্মার মেরামতসহ যাবতীয় কাজ চলমান রয়েছে। তাছাড়া সেচ এলাকায় সুষ্ঠুভাবে সেচ দেওয়ার জন্য নতুন করে সেচনালা নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ১৯। আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান, নির্বাচন পরবর্তী বিভিন্ন বিষয়ে সতর্ক অবস্থা চলমান রয়েছে। এজন্য আনসারের বিভিন্ন ক্যাম্পে ছুটি বন্ধ রাখা হয়েছে।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে, কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার উপজেলা আনসার ও ভিডিপি অফিসারকে অনুরোধ করা হয়। | আনসার ও ভিডিপি অফিসার |
| ২০। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কাহারোল, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য সহকারী প্রোগ্রামার-কে অনুরোধ করা হয়। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ২১। পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কাহারোল, দিনাজপুর সভায় জানান, ঋণ আদায়, ঋণ বিতরণ ও সঞ্চয় আদায় এর কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। খেলাপী ঋণ আদায়ের লক্ষ্যে আইনী সহায়তা দেওয়ার জন্য আইনজীবি নিয়োগ প্রদান করেছেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২২। পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা সভায় জানান, তাদের অফিস ভবন জরাজীর্ণ হওয়ার কারনে অফিসিয়াল কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে কিছুটা ব্যাঘাত বা ব্যাত্যয় হচ্ছে। তাই এ বিষয়ে তিনি উপজেলা নির্বাহী অফিসারের সুদৃষ্টি কামনা করেন এবং নতুন অফিস ভবনে স্থানান্তর করার জন্য অনুরোধ করেন। | জরাজীর্ণ ভবন থেকে অন্যত্র অফিস স্থানান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | ম্যানেজার, পদাবিফা |
| ২৩। উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, কাহারোলে খাদ্য গুদাম |
| ২৪। বন বিভাগ | ভারপ্রাপ্ত উপজেলা বন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, |
| ২৫। পল্লী বিদ্যুৎ সমিতি | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কাহারোল জোন সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে, কোন | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী | সহকারী জেনারেল |

| | | | |
|---|---|---|---|
| | সমস্যা নাই। | বিদ্যুৎ সমিতি, কাহারোল জোনকে অনুরোধ করা হয়। | ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২৬। উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রমের পর্যালোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা পরিসংখ্যান অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ২৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) জনাব হেলেনা খাতুন সভায় জানান, সরকারি নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের সূচকসমূহ ওয়েব পোর্টালে নিয়মিত হালনাগাদকরণের অনুরোধ জানান। | উপজেলা পরিষদের সূচকসমূহ ওয়েব পোর্টালে নিয়মিত হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কাহারোল, দিনাজপুরকে অনুরোধ করা হয়।<br>এছাড়া বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটরকে (UDF) অনুরোধ করা হয়। | ১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কাহারোল<br>২। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) |
| ২৮। কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর | কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর, কাহারোল, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর, কাহারোল, দিনাজপুর। |
| ২৯। তথ্যসেবা কেন্দ্র | তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান, ডিসেম্বর/২০২৩ মাসে ৩টি উঠান বৈঠকের মাধ্যমে ১৫০ জন গ্রামীণ সুবিধাবঞ্চিত মহিলাকে সেবা প্রদান করা হয় এবং ডোর-টু-ডোর ৩৫০ জন ও তথ্যকেন্দ্রের মাধ্যমে ২০০ জন মহিলাকে সেবা প্রদান করা হয়।<br>এছাড়া তথ্যকেন্দ্রের সকল কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা |
| ৩০। ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কাহারোল সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। সভাপতি প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গিবিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড- সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন অনুরোধ করেন। | প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গি বিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন,কাহারোলকে অনুরোধ করা হয়। | ফিল্ড সুপার ভাইজার ইসলামিক ফাউন্ডেশন |
| ৩১। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কাহারোল, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ৩২। উপজেলা পাট অফিস | উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |

**বিবিধ-০১**

**উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের মাসিক ব্যয়ঃ**

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২৬/১২/২০২৩ হতে ১০/০১/২০২৪ তারিখ পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নোক্ত বিবরণ মোতাবেক ব্যয় হয়েছে। তা সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্র: নং | বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১ | ২৬-১২-২৩<br>জনাব ঈদয় চন্দ্র রায়, ভাইস চেয়ারম্যান. উপজেলা পরিষদ,কাহারোল, দিনাজপুরকে অক্টোবর ও নভেম্বর/ ২০২৩ ভ্রমন ভাতা প্রদান | ১০,০০০/- |
| ০২ | ২৬-১২-২৩<br>জনাব মোঃ মাসুদ করিম, গ্রাম- পূর্ব সাদিপুর, কাহারোল,দিনাজপুরকে উপজেলা পরিষদের ফলজ গাছ ক্রয়কৃত বিল বাবদ প্রদান | ২১০০০/- |
| ০৩ | ২৭-১২-২০২৩<br>জনাব মোঃ আজাহারুল ইসলাম, উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহারোল,দিনাজপুরকে উপজেলা পরিষদ কার্যালয়ের আনসার ব্যারাকের বিভিন্ন টুকিটাকি কাজ বাবদ প্রদান | ৩৯৬৫/- |
| ০৪ | ০১-১-২০২৪<br>জনাব ঈদয় চন্দ্র রায়, ভাইস চেয়ারম্যান. উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে ডিসেম্বর/ ২০২৩ সম্মানী ভাতা প্রদান | ২৭,০০০/- |
| ০৫ | ০১-১-২০২৪<br>জনাব মৌসুমী আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, (প্যানেল চেয়ারম্যান-১) উপজেলা পরিষদ, কাহারোল,দিনাজপুরকে ডিসেম্বর,২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান | ২৭,০০০/- |
| ০৬ | ০১-১-২০২৪<br>জনাব মাহফুজ আহমেদ,পরিচ্ছন্নকর্মী, উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে ডিসেম্বর ২০২৩ মাসের দৈনিক হাজিরা ভিত্তিক বাবদ চেক প্রদান। | ১৭০৫০/- |
| ০৭ | ০১-১-২০২৪<br>জনাব রমিজ উদ্দীন,মালী, উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে ডিসেম্বর,২৩ মাসের দৈনিক হাজিরা ভিত্তিক বাবদ চেক প্রদান। | ১৭০৫০/- |
| ০৮ | ০২-১-২০২৪<br>জনাব ধর্ম নারায়ন অধিকারী,সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিটার অপারেটর,উপজেলা পরিষদ, কাহারোল,দিনাজপুরকে ডিসেম্বর,২৩ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ | ৩০০০০/- |
| ০৯ | ০২-১-২০২৪<br>২০-১২-২০২৩-জনাব ধর্ম নারায়ন অধিকারী,সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিটার অপারেটর,উপজেলা পরিষদ, কাহারোল,দিনাজপুরকে ডিসেম্বর,২৩ মাসের মনোহারী ব্যয় বাবদ | ৫০০০/- |
| ১০ | ০২-১-২০২৪<br>প্যাপিরাস অফসেট প্রেস, গণেশতলা (ঘাসিপাড়া), দিনাজপুরকে ফাইলবোর্ড কভার এর বিল বাবদ চেক প্রদান। | ২৪৯০০/- |
| ১১ | ০৩-১-২০২৪<br>জনাব মোঃ আজাহারুল ইসলাম, উপসহকারী প্রশাসনিক কর্মকর্তাকে উপজেলা পরিষদের আই,পি এস ও ফাইলবোড কভারের বিল বাবদ চেক প্রদান। | ১৫২৯১/- |
| ১২ | ৯-১-২০২৪<br>চেয়ারম্যান, ৩ নং মুকুন্দপুর ইউ,পি কাহারোল দিনাজপুরকে ২০২৩-২৪ অর্থ বছরের নতুন হোল্ডিং ট্যাক্স এর বিল বাবদ চেক প্রদান। | ৬৮,০০০/- |
| ১৩ | ৯-১-২০২৪<br>জনাব মোঃ আজাহারুল ইসলাম, উপসহকারী প্রশাসনিক কর্মকর্তাকে ১৬ ডিসেম্বর, ২০২৩ এর বিভিন্ন ব্যয় বাবদ চেক প্রদান। | ২৫,০০০/- |
| | মোট= | ২,৯১,২৫৬ /- |

২৬/১২/২০২৩ হতে ১০/০১/২০২৪ তারিখ পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মোট টাকা= ৩,১৩,৯৫৩/-/= (কথায়- তিন লক্ষ তেরো হাজার নয়শত তিপ্পান্ন) টাকা ব্যয় অনুমোদন করা হয়।

<table>
<tr>
<td>বিবিধ-২</td>
<td><u>ফগার মেশিন ক্রয় (সংশোধনী)</u>ঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান উপজেলা পরিষদের গত নভেম্বর/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার বিবিধ-৫ এর আলোচনায় প্রকল্প বাস্তবায়ন কমিটির (PIC) মাধ্যমে উপজেলা পরিষদের বাজেটের উন্নয়ন ব্যয় খাতের "জনস্বাস্থ্য" খাত হতে ১টি উন্নতমানের ফগার মেশিন ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রে বিধি মোতাবেক ন্যূনতম ৭ সদস্য বিশিষ্ট কমিটির প্রয়োজন।<br><br>বর্ণিত সিদ্ধান্তটি আংশিক সংশোধন করে ২০২৩-২৪ অর্থ বছরের উপজেলা পরিষদের বাজেটের রাজস্ব তহবিলের উন্নয়ন হিসাব ব্যয় এর জনস্বাস্থ্য খাত হতে নিম্নোক্ত সংশোধিত প্রকল্প বাস্তবায়ন কমিটি অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br><br>প্রকল্প বাস্তবায়ন কমিটি<br>
<table>
<tr><th>ক্র: নং</th><th>বিবরণ</th><th>পদবী</th></tr>
<tr><td>১</td><td>সুমন দাস, সদস্য, ৩নং মুকুন্দপুর ইউ,পি</td><td>প্রঃ সভাপতি</td></tr>
<tr><td>২</td><td>মোঃ শহিদুল ইসলাম, শিক্ষক</td><td>প্রঃ সেক্রেটারী</td></tr>
<tr><td>৩</td><td>মোঃ আবু তাহের, ইমাম</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>মোঃ আব্দুর রহমান, আনসার সদস্য</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>সুশান্ত রায় মঙ্গলু, সমাজসেবক</td><td>সদস্য</td></tr>
<tr><td>৬</td><td>মোঃ নজরুল ইসলাম, সমাজসেবক</td><td>সদস্য</td></tr>
<tr><td>৭</td><td>টংকনাথ রায়, সমাজসেবক</td><td>সদস্য</td></tr>
</table>
</td>
<td>বিস্তারিত আলোচনায় উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেটের রাজস্ব তহবিলের উন্নয়ন হিসাব ব্যয় এর জনস্বাস্থ্য খাত হতে উপজেলা পরিষদ ক্যাম্পাসের মশা নিধনের জন্য বর্ণিত সংশোধনী প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।</td>
<td>১) উপজেলা নির্বাহী অফিসার<br>২) উপজেলা প্রকৌশলী</td>
</tr>
<tr>
<td>বিবিধ-০৩</td>
<td><u>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে পাবলিক লাইব্রেরী স্থাপনঃ</u><br><br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, Record Manual 1943 মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ১টি পাবলিক লাইব্রেরী স্থাপনের নির্দেশনা রয়েছে। সে প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহারোল, দিনাজপুর এ ১টি পাবলিক লাইব্রেরী স্থাপন করা প্রয়োজন।<br><br>তিনি জানান, উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের ২য় তলার উত্তর অংশে লাইব্রেরি স্থাপনের জন্য যথেষ্ট জায়গা রয়েছে।<br><br>বিস্তারিত আলোচনায় তিনি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ১টি পাবলিক লাইব্রেরি স্থাপনের প্রস্তাব সভায় উপস্থাপন করেন।</td>
<td>বিস্তারিত আলোচনায় Record Manual 1943 অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহারোল, দিনাজপুর-এ ১টি পাবলিক লাইব্রেরী স্থাপনের বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।</td>
<td>১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। সম্পাদক, অফিসার্স ক্লাব, কাহারোল</td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

07.02.2024
প্যানেল চেয়ারম্যান-১
উপজেলা পরিষদ,
কাহারোল, দিনাজপুর।

07/02/24

উপজেলা পরিষদ

কাহারোল, দিনাজপুর।

www.kaharol.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৫৬.০০০.০৬.০৩২.২৩- ২৮৭

তারিখ: ২৪ মাঘ, ১৪৩০
০৭ ফেব্রুয়ারি, ২০২৪

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৬,দিনাজপুর-১।

২। সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

৪। মহা-পরিচালক, পরিদর্শন মূল্যায়ণ ও মনিটরিং উইং, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

৬। জেলা প্রশাসক, দিনাজপুর।

৭। উপ পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।

৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।

৯। সিনিয়র সহকারী সচিব, উপজেলা শাখা-১, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।

১০। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।

১১। উপজেলা ............................................................... অফিসার (সকল), কাহারোল, দিনাজপুর।

১২। চেয়ারম্যান, ............................................................... ইউনিয়ন পরিষদ (সকল), কাহারোল, দিনাজপুর।

১৩। জনাব ...............................................................................................

১৪। অফিস কপি।

০৭.০২.২০২৪

মোঃ আমিনুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।
ফোনঃ ০২৫৮৯৯২৯৪৬৫
মোবাইল ফোনঃ ০১৭৬১-৪৯৩৫২৭
ই-মেইল: unokaharole@mopa.gov.bd

০৭/০২/২০২৪